



## মাথার উকুন চিকিৎসার বিভিন্ন উপায়সমূহ পিতামাতা/সেবাদানকারীদের জন্য তথ্য

মাথার উকুনের জন্য দুই ধরনের চিকিৎসা পদ্ধতি রয়েছে।

১. যান্ত্রিক দূরীকরণ (একটি মাথার উকুনের চিরাণি দিয়ে দূরীকরণ)
২. রাসায়নিক দূরীকরণ

### যান্ত্রিক দূরীকরণ

যান্ত্রিক দূরীকরণ হলো চুল শুকানোর জন্য সাধারণ চুলের কভিশনার ব্যবহার করা। কভিশনার দ্বারা সব চুল মাথানোর পর একটি সাধারণ চিরাণি দ্বারা জট ছাড়াতে হবে এবং চুলগুলোকে বিভিন্ন অংশে আলাদা করতে হবে। তারপর একটি সরু লম্বা দাঁতযুক্ত ধাতুর তৈরী উকুনের চিরাণি ব্যবহার করে বিভিন্ন অংশের চুলগুলোকে আচড়ান। কভিশনার উকুনকে মারতে পারে না, কিন্তু সহজে দূরীকরণের জন্য ২০ মিনিট পর্যন্ত এগুলোকে অচেতন করে রাখে। উকুন চিরাণি এই নিট্স (ডিম) এবং অচেতন উকুনকে দূর করে। একটি সাদা টিস্যুতে চিরাণিটিকে মুছে নিন এবং কোন উকুন বা নিট্স আছে কিনা তা পরীক্ষা করুন। টিস্যুতে আর না দেখা পর্যন্ত আচড়াতে থাকুন। যেই পর্যন্ত আর কোন কিছু না দেখা যায় ততদিন পর্যন্ত এই পদ্ধতি প্রত্যেক দ্বিতীয় দিনে ব্যবহার করা উচিত (সাধারণত ৭ থেকে ১০ দিনের মতো)।

এই পদ্ধতি মাথার উকুন চিকিৎসার জন্য পছন্দযীয় পদ্ধা, কারণ এটি কার্যকর, মাথার উকুনের জন্য কিটনাশক প্রতিরোধে কোন অবদান রাখে না এবং এখানে চামড়া জ্বালাতনের ঝুঁকি কম।

উকুন মাথায় ছাড়ানোর আগেই এই যান্ত্রিক দূরীকরণ পদ্ধতি মাথার উকুন নিয়ন্ত্রণে সাহায্য করে। গোসলের বারণার কাছে একটি ভালো উকুন চিরাণি রাখুন এবং প্রত্যেক সময় আপনার পরিবারের লোকজন এই চিরাণি দিয়ে আচড়িয়ে তাদের চুল ধোবে। এতে করে আরো অনেক ডিম ছাড়ার আগেই উকুনগুলোকে ধরতে পারা যাবে।

আপনার সন্তানরা যদি নিজের চুল নিজেরাই ধোয়ার মতো পর্যাপ্ত বয়সী হয় তাহলে তাদেরকে চিরাণি ব্যবহার করতে উৎসাহিত করুন। অথবা যেখানে আপনার সন্তানের চুল ধৌত করেন সেখানে চিরাণি রাখুন এবং প্রত্যেকবার তাদের চুল ধোয়ার সময় এটি ব্যবহার করুন।

### রাসায়নিক দূরীকরণ

যদি আপনি রাসায়নিক চিকিৎসা নিতে পছন্দ করেন, তাহলে সর্তর্কর্তার সাথে নির্দেশাবলীগুলো মেনে চলুন। যদি কাজ না করে তাহলে একই রাসায়নিক চিকিৎসা পুনরায় প্রয়োগ করার ব্যাপারে প্রয়োজন হবেন না, বরং অন্য চিকিৎসা গ্রহণ করুন যেখানে ভিন্ন রাসায়নিক দ্বয় ব্যবহার করে থাকে অথবা চিরাণি এবং কভিশনার পদ্ধতি ব্যবহার করুন। কোন নতুন পাঢ়া ডিম নষ্ট করার জন্য আপনাকে ৭ দিনের মধ্যে এই চিকিৎসা পুনরায় করতে হবে। চিকিৎসা কার্যকর হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য আপনাকে একটি উকুন চিরাণিও ব্যবহার করতে হবে। যদি আপনি মৃত উকুন পান তাহলে পণ্যটি কাজ করছে তা বুঝা যাবে। যদি আপনি জীবিত উকুন পান তাহলে চিকিৎসা কাজ করছে না।

যখন আপনার বাচ্চা উকুন এবং নিট্স মুক্ত হবে, তখন নিয়মিত একটি নিখুঁত দাঁতযুক্ত উকুন চিরাণি এবং কভিশনার দিয়ে পরীক্ষা করবেন। শুরুতেই শনাক্তকরণ এবং চিকিৎসা করার মাধ্যমে পরিবারের সদস্যদের এবং সহপাঠীদের পুনরায় সংক্রমণ হওয়া থেকে প্রতিরোধ করবে।

### বিছানাপত্র ও পোশাক-পরিচ্ছদের ব্যাপারে কি করতে হবে

গবেষণায় দেখা গেছে যে বিছানার চাদর, টুপি, পোশাক-পরিচ্ছদ এবং আসবাবপত্রে উকুন বা নিট্স বাস করতে পারে না, ফলে চিকিৎসার বিকল্প হিসাবে এগুলো ধোত করার মধ্যে কোন উপকারীতা নাই। নিট্স এবং উকুন শুধুমাত্র মানুষের মাথায় বাস করে। যদি মাথা থেকে সরিয়ে নেয়া হয়, এগুলো তাড়াতাড়ি পানিশূণ্যতায় ভোগে এবং মারা যায়।

NSW স্বাস্থ্য Nitbusters-এর ওয়েবসাইটের প্রদেয় তথ্যের ভিত্তিতে এই তথ্য দেয়া হলো।